

“ফারমার্স ব্যাংকের আর্থিক ক্ষতিসাধনপূর্বক অর্থ আত্মসাৎ করার অভিযোগে” দুদকের মামলা দায়ের।

আসামির নাম:

মোঃ মাহাবুবুল হক চিশতী (বাবুল চিশতী), সাবেক উদ্যোক্তা পরিচালক ও অডিট কমিটির চেয়ারম্যান, দি ফারমার্স ব্যাংক লিমিটেড।

মামলার বিবরণঃ

মামলা নং-৪, গুলশান মডেল থানা (ডিএমপি), তারিখ : ০৮.০৮.২০১৮ ইং

অভিযোগের সংক্ষিপ্ত বিবরণ :

আসামি মোঃ মাহাবুবুল হক চিশতী (বাবুল চিশতী) সোনালী ব্যাংক লিঃ (ইউকে) এবং মাশরেক ব্যাংক (ইউকে) এর সাথে রেমিট্যান্স এরঞ্জমেন্ট এর আওতায় বিজনেস মিটিং এবং সংযুক্ত আরব আমিরাতে ০৯ টি এক্সচেঞ্জ হাইজ পরিদর্শন করার জন্য গত ১৯/০৮/২০১৭ ইং হতে ২৮/০৮/২০১৮ ইং তারিখ পর্যন্ত লন্ডন ও সংযুক্ত আরব আমিরাতে ভ্রমণ সংক্রান্ত বিমান ভ্রমণ বিল, লন্ডন ও সংযুক্ত আরব আমিরাতে মোট ১০ দিনের ভাতা বাবদ অর্থ, লন্ডনে ৪ রাত ও সংযুক্ত আরব আমিরাতে ০৫ রাত অবস্থান করার জন্য হোটেল খরচ, ভিসা প্রসেসিং ও অন্যান্য খরচ বাবদ প্রচুর পরিমাণে অর্থ উত্তোলন করেন। বিধি মোতাবেক পরিচালনা পর্ষদের কোনো পরিচালকের এমন ভ্রমণে যাওয়ার কোনো সুযোগ নেই। আসামি অবৈধ প্রভাব খাটিয়ে বিদেশ ভ্রমণের সুযোগ নেই। এভাবে প্রচলিত বিধি-বিধান উপেক্ষা করে ক্ষমতার অপব্যবহার ও অপরাধজনক বিশ্বাসভঙ্গের মাধ্যমে বিজনেস মিটিং এর নামে লন্ডন ও সংযুক্ত আরব আমিরাত ভ্রমণ ভাতা বাবদ দি ফারমার্স ব্যাংক লিমিটেডের আর্থিক ক্ষতিসাধনপূর্বক অর্থ আত্মসাৎ করার অভিযোগে মামলা দায়ের করা হয়েছে।

মামলার বাদী:

মোঃ সহিদুর রহমান, উপসহকারী পরিচালক, দুর্নীতি দমন কমিশন, প্রধান কার্যালয়, ঢাকা।

এই মামলা 'দুর্নীতি দমন কমিশন' তদন্ত করবে।